# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev.Dr.Anjan Kumar Singh

Vol. XXIV YEAR OF OUR LORD JESUS CHRIST, JUNE 2022 No. 04


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন
প্রভুর প্রশংসা হোক

হিতোপদেশ ৪:১-১০

১। হে আমার বাছারা, একজন বাবার উপদেশ শোনো; মনোযোগ দাও ও বিচক্ষতা লাভ করো।
২। আমি তোমাদের নির্ভরযোগ্য শিক্ষা দিচ্ছি, তাই আমার দেওয়া শিক্ষা পরিত্যাগ কোরো না।
৩। কারণ আমিও এক সময় আমার বাবার ছেলে ছিলাম, তখনও সুকুমার ছিলাম, ও আমার মায়ের দ্বারা লালিত হয়েছিলাম।
৪। তখন বাবা আমাকে শিক্ষা দিয়েছিলেন, ও বলেছিলেন, "সর্বান্তঃকরণে আমার বলা কথাগুলি ধরে রাখো; আমার আদেশগুলি পালন কোরো, ও তুমি বেঁচে যাবে।
৫। প্রজ্ঞা অর্জন করো, বিচক্ষণতা অর্জন করো; আমার কথাগুলি ভুলে যেয়ো না।
৬। প্রজ্ঞাকে পরিত্যাগ কোরো না, ও সে তোমাকে রক্ষা করবে; তাকে ভালোবেসো, ও সে তোমাকে পাহারা দেবে।
৭। প্রজ্ঞার আরম্ভ এই রকম: প্রজ্ঞা অর্জন করো। এর মূল্যরূপে তোমার যথাসর্বস্ব দিতে হলেও বিচক্ষণতা অর্জন করো।
৮। তাকে লালনপালন করো, ও সে তোমাকে উন্নত করবে; তাকে সাগ্রহে গ্রহণ করো, ও সে তোমাকে সম্মানিত করবে।
৯। সে তোমার মাথার শোভাবর্ধন করার জন্য এক ফুলমালা দেবে ও তোমাকে চমৎকার এক মুকুট উপহার দেবে।
১০। হে আমার বাছা, শোনো, আমি যা বলি তা গ্রহণ করো, ও তোমার জীবনের আয়ু সুদীর্ঘ হবে।

## তুমি আমার বিলাপ নৃত্যে পরিণত করেছ! গীত ৩০:১১

YOUR MOURNING WILL TURN INTO JOY! (Psalm 30:11)

**( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভারাজ কর্তৃক প্রদত্ত বাণী)**

আমাদের খারাপ সময়ে আমরা যখন আমাদের বন্ধুদের কাছে অথবা ডাক্তারের কাছে যাই, তখন তারা আমাদের সান্ত্বনা দিয়ে বলতে পারেন, "চিন্তা কোরো না, সব ঠিক হয়ে যাবে, সময়ের সঙ্গে সমস্ত সমস্যা দূর হয়ে যাবে। ঈশ্বরের অনেক সন্তানেরা দুঃখ, যন্ত্রণা এবং দূর্দশার মধ্যে বাস করেন। আমাদের সমস্যাগুলি যখন বহুগুণ বেড়ে যায়, তখন আমরা আশা হারিয়ে ফেলি। আমরা যখন আমাদের জীবনে ঈশ্বরের পরিচালনার বিষয় সঠিকভাবে বুঝতে পারি না তখন আমাদের দুশ্চিন্তা বৃদ্ধি পায়। উদাহরণ স্বরূপ বলা যায় যে কোভিড ১৯ এর প্রকোপে পৃথিবীর অসংখ্য মানুষ ভীষণ কষ্টভোগ করেছিল। যে কোনও দুঃখ, কষ্ট, অসুস্থতার শাস্তি বেদনাদায়ক। আমরা যখন আমাদের জীবনে ঘটে যাওয়া দুঃখপূর্ণ ঘটনাগুলির বিষয় গভীরভাবে চিন্তা করি, তখন আমাদের মনে হয় এই ঘটনাগুলি কি প্রভুর অজান্তেই ঘটেছে? প্রভু কি আমার সমস্যাগুলি খেয়াল করেননি? কিন্তু আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে প্রভুর অজ্ঞাতসারে আমাদের জীবনে কিছুই ঘটে না। আমরা যখন এই ধরণের বেদনাদায়ক অভিজ্ঞতাগুলির মধ্যে দিয়ে যাই, তখন ঈশ্বর আমাদের দুঃখ কষ্টগুলিকে আনন্দে পরিণত করেন! সুতরাং আপনার বর্তমান দুঃখ নিশ্চয় আনন্দে পরিণত হবে! ভীত হবেন না। "**...তোমাদের শোক আনন্দে রূপান্তরিত হবে**" ( যোহন ১৬:২০)।

আমরা মথি ৫:৪ পদে পাঠ করি, "**ধন্য যারা শোক করে কারণ তারা সান্ত্বনা পাবে।**" আমরা মনে করি এই পৃথিবীতে যারা সমস্ত রকমের বস্তুগত সুখ ভোগ করে তারাই আশীবর্বাদপ্রাপ্ত। কিন্তু প্রভু বলছেন যারা বিলাপ করে তারাই ধন্য! এটা কি আশ্চর্য নয়? প্রভু যিনি জানেন যারা বিলাপ করে তারা ধন্য, তিনি আরও নিখুঁতভাবে এটাও জানেন যে তাদের বিলাপ আনন্দে পরিণত হবে! লোকদের পক্ষে এই বিষয়ে সহমত হওয়া খুবই কঠিন।

নীরব হতাশাগ্রস্ত মানসিক অবস্থা হচ্ছে একজন গভীর দুঃখের মধ্যে থাকা ব্যক্তির অবস্থা। বেকারত্ব, অসুস্থতা, অর্থাভাব, কর্মক্ষেত্রে বিভিন্ন সমস্যা, অথবা পারিবারিক নানান সমস্যা, ভবিষ্যৎ সম্পর্কে দুশ্চিন্তা, ইত্যাদি কারণে দুঃখ আসতে পারে। আমাদের দুঃখভোগ যাইহোক না কেন, প্রভু বলেছেন আমরা যারা এই ধরণের কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি তারা সকলে ধন্য এবং সেই কারণে আমরা সান্ত্বনা লাভ করবো। ঐ কঠিন পরিস্থিতিগুলি আনন্দে পরিণত হবে। যদিও যীশু খ্রীষ্ট বহুকাল পূর্বে এই প্রতিজ্ঞাটি করেছিলেন, এটি আজকের দিনেও প্রাসঙ্গিক। এই কারণে আনন্দিত এবং উল্লসিত হন। "**সেই কারণে, ঈশ্বরের হাতের নিচে, নিজেদের নতনম্র করো, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাদের উন্নত করেন**" (১ পিতর ৫:৬)।

আমরা যখন আমাদের দুর্বলতার সময় এবং দারিদ্রের সময় প্রভুর প্রতি দৃষ্টিপাত করি, তখন আমরা আমাদের সঙ্গে প্রভুর কথা বলার বিষয়টি শুনতে শুরু করি। যারা কোনও দুঃখ ছাড়া জীবন যাপন করে তারা ঈশ্বরের রব

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## *from your dearly beloved brother...*

"তিনি তোমার সীমান্তে শান্তি প্রতিষ্ঠা করেন, এবং খাঁটি গম দিয়ে তোমাকে পরিতৃপ্ত করেন।" ( গীত ১৪৭:১৪)



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**

Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**

Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**

Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.



**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call


খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের প্রেমপূর্ণ শুভেচ্ছা জানাই। আমরা আমাদের সদাপ্রভু ঈশ্বরের উদ্দেশে আমাদের প্রশংসা উৎসর্গ করি যিনি এযাবৎ আশ্চর্যভাবে আমাদের পরিচালনা করে আসছেন।

## আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাসমূহ

প্রভু যীশু খ্রীষ্টের অনির্বচনীয় কৃপায় আমরা ১৬টি ভাষায় আমাদের মাসিক পত্রিকা, **"তাঁর আহ্বানের প্রতিধ্বনি"** প্রকাশ করে আসছি। আপনারা যারা এই পত্রিকাটির জন্য প্রার্থনা করছেন এবং আর্থিক সাহায্য করছেন ঈশ্বর তাদের প্রচুররূপে আশীর্বাদ করবেন। বিভিন্ন ভাষায় কথা বলা বহু মানুষ এই পত্রিকার দ্বারা ঈশ্বরের প্রেমের স্পর্শ পাচ্ছেন।

## নহিমিয় আবাসিক বাইবেল কলেজ (হিন্দি)

আমাদের নহিমিয় আবাসিক বাইবেল কলেজের (হিন্দি) জন্য আরও কিছু পুরুষ ছাত্র চাই। ২০২২, জুন মাসের ৬ তারিখ থেকে ক্লাস শুরু হবে। আমরা বৃত্তি হিসাবে যোগ্য শিক্ষার্থীদের বিনামূল্যে শিক্ষা, খাদ্য, এবং থাকার জায়গা দিই। অনুগ্রহ করে আপনার বন্ধুদের অথবা প্রার্থনার অংশীদারদের কাছে সরাসরি অথবা পত্রের মাধ্যমে অথবা হোয়াটস্ অ্যাপের মাধ্যমে এই গুরুত্বপূর্ণ তথ্যটি সকলের কাছে জানিয়ে দিন। আমরা এক বছরের সার্টিফিকেট পাঠক্রমের সঙ্গে সঙ্গে দু বছরের ডিপ্লোমা পাঠক্রমের শিক্ষা দিই। আমাদের নহিমিয় বাইবেল ডিপ্লোমা কলেজ এশিয়া থিওলজিকাল এ্যাসোসিয়েশনের নথিভুক্ত সদস্য পদ লাভ করার দ্বারা আশীর্বাদযুক্ত হয়েছে। এই সংস্থাটি পৃথিবী ব্যাপী বাইবেল কলেজগুলিকে স্বীকৃতি দেয়।

## নহিমিয় সান্ধ্য বাইবেল কলেজ (তামিল)

আমাদের (তামিল) সান্ধ্য বাইবেল কলেজটিও ভালোভাবে কাজ করে চলেছে। এই কলেজটিও জুন মাসের ৬ তারিখ থেকে পুনরায় শুরু হবে। আমাদের আরও যোগ্য ছাত্র ছাত্রী প্রয়োজন। আমরা এক বছরের সার্টিফিকেট পাঠক্রমের সঙ্গে সঙ্গে দু বছরের ডিপ্লোমা পাঠক্রমের শিক্ষা দিই।

## নহিমিয় বাইবেল কলেজের পাঠাগার

আমরা অল্প অল্প করে নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের বইগুলি কম্পিউটারে আপলোড করছি। আমাদের প্রায় ৭০০০ বই আছে। এই বইগুলিকে যথাযথভাবে কম্পিউটারে সাজিয়ে রাখতে আমাদের প্রচুর কাজ করতে হবে এবং প্রচুর খরচ করতে হবে। এই কাজটি আমাদের সামর্থের বাইরে বলে মনে হচ্ছে। আমরা বিশ্বাস করি যে ঈশ্বর আমাদের এর জন্য আরও অনুদান জোগান দেবেন। **আর আমার ঈশ্বর খ্রীষ্ট যীশুতে স্থিত তাঁর গৌরবময় ধন অনুযায়ী তোমাদের সব প্রয়োজন পূর্ণরূপে মিটিয়ে দেবেন।** (ফিলিপীয় ৪:১৯)

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য নহিমিয় বাইবেল কলেজগুলির গ্রাজুয়েশন উপলক্ষ্যে উপাসনা

ঈশ্বরের ইচ্ছা হলে আমরা আগামী ০৩.০৬.২০২২ তারিখে (শুক্রবার) ভাপেরী, পুরাসোয়ালকমের বালার কালভি নিলয়ম, চেন্নাইয়ে-৭, ঠিকানায় বিকাল ৫টার সময় ২০২১-২০২২ শিক্ষাবর্ষের গ্রাজুয়েশন সার্ভিস অনুষ্ঠিত হবে। আপনি যদি চেন্নাইয়ে থাকেন, তাহলে অবশ্যই অংশগ্রহণ করবেন।


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

## উত্তর ভারতে সুসমাচার সম্প্রসারণ

যারা উত্তর ভারতে বাস করে এবং বিভিন্ন ভাষায় কথা বলে তাদেরকে সুসমাচার দান করার দ্বারা সাহায্য করার বিষয়টি আমাদের দীর্ঘদিনের আকাঙ্খা এবং মিশন। আমাদের হিন্দি নহিমিয় বাইবেল কলেজে অনেক শিক্ষার্থীদের আনার জন্য আমি নিজে সরাসরি উড়িষ্যার রেয়াগাড়া, পারালাখেমাণ্ডি, ইত্যাদি জায়গাগুলিতে গিয়েছিলাম। আমার পক্ষে কষ্টকর হলেও আমি গিয়েছিলাম, আমাদের কেবল একটাই জীবন আছে। আসুন আমরা প্রভু যীশু খ্রীষ্টকে এই জীবন দান করি।

## সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল

সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল খুব ভালোভাবে চলছে। যে মিনি বাসটি শিক্ষার্থীদের ঘর থেকে স্কুলে নিয়ে আসে এবং স্কুল থেকে ঘরে নিয়ে যায় সেটি মেরামত করা প্রয়োজন। এটি এখন আর ব্যবহারের যোগ্য নেই। আমাদের একটি নতুন গাড়ী ক্রয় করা প্রয়োজন। অনুগ্রহ করে একটি নতুন গাড়ী কেনার জন্য টাকার বিষয় প্রার্থনা করুন। ঈশ্বরের ইচ্ছা হলে এই স্কুলটি ১৩ই জুন, সোমবার আবার খুলে যাবে। ঈশ্বরের মহা অনগ্রহে এই স্কুলটি উচ্চবিদ্যালয় করার বিষয় তামিলনাড়ু সরকারের কাছ থেকে অনুমোদন লাভ করেছে। ভারত সরকারও এই বিদ্যালয়টিকে সংখ্যালঘু খ্রীষ্টিয়ান বিদ্যালয়ের পদমর্যাদা দিয়েছে।

♦ অনুগ্রহ করে আমাদের **ডাকমারফৎ বাইবেল পাঠক্রম, সুসমাচার ছাপাখানা, মণ্ডলীগুলি, বর্হিপ্রচার সভাগুলি এবং সমাজ সেবামূলক কাজগুলির** মতো গুরুত্বপূর্ণ পরিচর্যাগুলির জন্যেও প্রার্থনা করবেন।

♦ আমার পরিবার এবং আমি সুস্থ আছি। অনুগ্রহ করে আমাদের সহকর্মী ব্রাদার মানুয়াল এম. পলরাজ, পাস্টর এস. মুথু, ব্রাদার ইলানগোভানের জন্য প্রার্থনা করবেন। তাঁরা অসুস্থ আছেন।

♦ ঈশ্বর আপনাদের আরও অধিক আশীর্ব্বাদ করবেন যেহেতু আপনারা আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলিকে সমর্থন করেন এবং আর্থিক সাহায্য করেন। আমরা আন্তরিকভাবে আপনাদের জন্য প্রার্থনা করি। যদি পবিত্র আত্মা আপনাদের কাছে কথা বলে যে এই সমস্ত পরিচর্যাগুলি কেবল ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য করা হচ্ছে তাহলে অনুগ্রহ করে আপনার অনুদান পাঠান এবং আমাদের পরিচর্যাগুলিকে সাহায্য করুন। ঈশ্বর নিশ্চয় আপনাদের আশীর্ব্বাদ করবেন।

♦ ঈশ্বর কীভাবে আমাদের বিভিন্ন ক্লেশ এবং সমস্যা থেকে উদ্ধার করছেন সেই বিষয় আমাদের অনেক সাক্ষ্য আছে যা আমরা আপনাদের সঙ্গে প্রকাশ্যে সহভাগিতা করতে পারবো না। সুতরাং, অবিরত আমাদের জন্য প্রার্থনা করুন। ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সহবর্তী হোক।

*খ্রীষ্ট যীশুতে আপনদের দাস,*

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

শুনতে পায় না। আমরা যখন নিরুৎসাহিত হই, বিভিন্ন দুঃখের অভিজ্ঞতা লাভ করি, তখন আমরা প্রভুর রব শুনতে পাই, এবং তাঁর স্পর্শ অনুভব করতে পারি। কিন্তু আমরা আমাদের অনুকুল পরিস্থিতির মধ্যে খুব কমই প্রভুর রব শুনতে পাই। এই কারণেই প্রভু বলেছেন, "ধন্য যাহারা শোক করে"।

প্রেরিত পৌল কিছু বেদনাদায়ক অভিজ্ঞতা লাভ করেছিলেন এবং তিনি তাঁর দেহ থেকে সেই বিষয়টি দূর করার জন্য তিনবার প্রার্থনা করেছিলেন। কিন্তু ঈশ্বর বলেছিলেন, **"আমার অনুগ্রহ তোমার পক্ষে যথেষ্ট, কারণ আমার শক্তি দুর্বলতায় সিদ্ধি লাভ করে"** (২ করিন্থীয় ১২:৯)। পৌল একটি সুখী এবং পরিতৃপ্ত জীবন যাপন করতে পারতেন। কিন্তু তিনি এই ধরণের জীবন চাননি যা প্রভুর স্পর্শ অনুভব করতে দেয় না অথবা প্রভুর রব শুনতে দেয় না। তিনি দুঃখের জীবন বেছে নিয়েছিলেন যা তাঁকে প্রভুর রব শোনার প্রতি পরিচালিত করে এবং তিনি এই জীবনকে আনন্দ এবং গৌরবময় রূপে বিবেচনা করেছিলেন। তিনি বলেছেন, **"আর তাই, যেভাবেই হোক, যেন আমি মৃত্যু থেকে পুনরুত্থানের অভিজ্ঞতা লাভ করতে পারি"** (ফিলিপীয় ৩:১১)। মোশির সম্পর্কে শাস্ত্রে বলা হয়েছে, **"বিশ্বাসে মোশি বড় হয়ে উঠলে, ফরৌণের কন্যার পুত্ররূপে পরিচিত হতে অস্বীকার করলেন। তিনি পাপের ক্ষণস্থায়ী সুখ উপভোগ করার বদলে, ঈশ্বরের প্রজাবৃন্দের সঙ্গে নির্যাতন ভোগ করাই শ্রেয় বলে মনোনীত করলেন। মিশরের ঐশ্বর্যের চেয়ে খ্রীষ্টের জন্য অপমান বেশি মূল্যবান বলে মনে করলেন, কারণ তিনি তাঁর দৃষ্টি ভাবী পুরস্কারের প্রতিই নিবদ্ধ করেছিলেন"** (হিব্রীয় ১১: ২৪-২৬)।

আমরা যখন গভীর কষ্টের মধ্যে থাকি, তখন আমরা কৌশলে তার থেকে বেরিয়ে আসার চেষ্টা করি। কিন্তু এই ধরণের পরিস্থিতিগুলিতে আমরা যদি আমাদের নিজেদের শক্তির উপর নির্ভর করার পরিবর্তে, কেবল ঈশ্বরকে ধরে থাকি, তাহলে আমরা তাঁর স্পর্শ অনুভব করতে পারবো। আমরা যত্ন এবং ধৈর্যের সঙ্গে পরিস্থিতিটা সামলাতে পারবো, আমরা নিশ্চিত ভাবে প্রচুর পরিবর্তনের এবং আশীর্বাদের দ্বারা পুরস্কৃত হবো। গীত রচয়িতা দাউদ যখনই শত্রুদের দ্বারা পরিবেষ্টিত হতেন তিনি মণ্ডলীতে সদাপ্রভুর উপস্থিতির মধ্যে যেতেন এবং তাঁর সম্মুখে বিনতি করতেন। তিনি সর্বদা মণ্ডলীতে সদাপ্রভুর উপস্থিতির অন্বেষণ করতেন এবং যখনই তিনি কোনও ভুল করতেন এবং নিজেকে গভীর সঙ্কটের মধ্যে আবিষ্কার করতেন তিনি নিশ্চল হতেন। প্রভু তাঁকে সমস্ত রকমের সমস্যা থেকে উদ্ধার করতেন। সদাপ্রভু তাঁকে আশীর্বাদ করেছিলেন, সান্ত্বনা দিয়েছিলেন, এবং তাঁর সমস্ত দুঃখ আনন্দে পরিবর্তিত করেছিলেন। প্রিয় ঈশ্বরের সন্তান, আপনি কি বিরূপ পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন? ঈশ্বর ছাড়া অন্য কোনও দিকে তাকাবেন না। আপনার সমস্যা থেকে বেরিয়ে আসার জন্য এই ধরণের অন্য কোনও উপায় অনুসরণ করবেন না। জাগতিক পথ অনুসরণ করার বিষয়টি আপনাকে আরও বড় বড় বিপদ, ক্লেশ এবং ব্যর্থতার মধ্যে নিয়ে যাবে। অনুগ্রহ করে এই বিষয়টিকে পবিত্র আত্মার রব হিসাবে বিবেচনা করুন যা আপনাকে বলছে যে আপনি যদি আপনার পরিবার, আপনার আর্থিক অবস্থা, আপনার পদবি, পরিচিতি, এবং অত্যন্ত অর্থপূর্ণভাবে আপনার পরিচর্যার বিষয়গুলির থেকে অধিকরূপে প্রভুর উপর আস্থা এবং বিশ্বাস রাখেন, তাহলে তিনি নিশ্চিতভাবে আপনার ইচ্ছাগুলি সম্পূর্ণ করবেন। সুতরাং যত্ন সহকারে শুনুন। এই উদ্দেশ্যে আপনার সব থেকে পছন্দসই স্থানটি হচ্ছে একমাত্র আপনার মণ্ডলী। অনুগ্রহ করে আপনার চার্চ এবং পাস্টরকে সম্মান করুন। বিস্তারিতভাবে বলা যায় যে নৈতিক আশীর্ব্বাদ এবং নৈতিক সুখ মণ্ডলীর মধ্যেই যুক্ত থাকে। **"এসো, আমরা সভায় একত্রিত হওয়ার অভ্যাস পরিত্যাগ না করি, কেউ কেউ যেমন এতে অভ্যস্ত হয়ে উঠেছে। বরং এসো পরস্পরকে উৎসাহিত করি, বিশেষত আরও বেশি তৎপর হয়ে করি,কারণ তোমরা দেখতেই পাচ্ছ প্রভুর আগমনের সেদিন আগতপ্রায়"** (হিব্রীয় ১০:২৫)।

## ১। ভারাক্রান্ত প্রাণের গলে যাওয়া

**“আমার প্রাণ দুঃখে গলিয়া পড়িতেছে, তোমার বাক্যানুসারে আমাকে উঠাও”** (গীত ১১৯:২৮)।

কোনও ব্যক্তি হতাশাগ্রস্ত হয়ে চিরকালের জন্য তার উচ্চতা বৃদ্ধি করতে অথবা হ্রাস করতে পারে না। যেমন, বাস্তবে কষ্টভোগের সময় আমরা দুশ্চিন্তাকে এড়িয়ে যেতে পারি না।

দাউদ অসংখ্য সমস্যার সম্মুখীন হয়েছিলেন- প্রথমে তিনি তাঁর শ্বশুরের মাধ্যমে, তারপর তাঁর পুত্র, অবশালোমের মাধ্যমে এবং বহুবার তিনি অন্যান্য দেশের লোকদের এবং রাজাদের দ্বারা। কিন্তু তাঁর ঈশ্বরের উপর নির্ভরশীল হওয়ার কারণে, যাঁকে তিনি আহ্বান করেছিলেন, সেই ঈশ্বর তাঁর সমস্ত দুর্দশা এবং ক্লেশগুলিকে মহা আনন্দে পরিণত করেছিলেন!

আমাদের মধ্যে অনেককেও এই ধরণের সঙ্কটের মধ্যে দিয়ে যেতে হয়। কয়েক জনের হৃদয় ভগ্নচূর্ণ হয়ে যায় এবং আত্মহত্যার চেষ্টা করে। আমরা যদি উপদেশ লাভের জন্য নগণ্য লোকদের প্রতি দৃষ্টিপাত করি, তারা আমাদের ঠকাতে পারে। কয়েক জন আমাদের বিপথগামী করতে পারে। সমস্ত দুশ্চিন্তা এবং চোখের জলের মধ্যে, আমরা যদি সম্পূর্ণরূপে প্রভুর উপর বিশ্বাস এবং আস্থা রাখতে পারি, তাহলে তিনি নিশ্চিতভাবে এবং নিঃশর্তভাবে আমাদেরকে সমস্ত দুঃখ কষ্টের বাইরে নিয়ে আসবেন এবং আশ্চর্যভাবে তিনি আমাদের সান্ত্বনা দেবেন। **“ তুমি দরিদ্রদের জন্য এক আশ্রয় স্থান হয়েছ, দুর্দশায় হয়েছ নিঃস্ব ব্যক্তির শরণস্থান, প্রবল ঝড়ে রক্ষা পাওয়ার জায়গা ও উত্তাপ থেকে রক্ষা পাওয়ার ছায়াসদৃশ। কারণ নির্মম ব্যক্তিদের শ্বাসপ্রশ্বাস, যেমন কোনো দেওয়ালে প্রতিহত হওয়া হল্কার মতো”** (যিশাইয় ২৫:৪)।

যখন ক্লেশ বহুগুণ বৃদ্ধি পাবে তখন আপনাকে আরও অধিক সময় উচ্চরবে বাইবেল পাঠ করে সময় অতিবাহিত করতে হবে। আমাদের বিশ্বাস করতে হবে এবং ঈশ্বরের কাছ থেকে এক অপূর্ব উদ্ধার প্রত্যাশা করতে হবে। ঠিক যেভাবে তিনি তাঁর সন্তাদের উদ্ধার করেছিলেন, যারা আমাদের মতো একই রকমের ক্লেশভোগের মধ্যে দিয়ে গিয়েছিলেন। নিশ্চিতভাবে আপনি আপনার জীবনে যা প্রত্যাশা করেছেন, ঈশ্বর তার থেকে বৃহত্তর বিষয়গুলি আপনার জন্য করবেন। এই বাণীটির প্রচারক আমি একমাত্র ঈশ্বরের উপর নির্ভর করেছিলাম এবং আমার কষ্টের সময়গুলিতে তাঁর কথাগুলি আমি উচ্চরবে পাঠ করেছিলাম এবং সম্পূর্ণরূপে প্রভুর উপর নির্ভর করে পূর্ণ বিশ্বাসে আমি তাঁর কথাগুলি গভীরভাবে ধ্যান করেছিলাম। আমি আমার বাইবেলের কয়েকটি পদ চিহ্নিত করেছিলাম, যে যে দিনগুলিতে ঈশ্বর আমার সঙ্গে কথা বলেছিলেন সেই তারিখগুলি এবং আমি যে অবিশ্বাস্য বিজয়গুলি পেয়েছিলাম তা আমি লিখে রেখেছিলাম! আপনিও যদি এটি করেন, তাহলে আপনার বিজয় নিশ্চিত।

## ২। চোখ ক্ষীণ হয়ে যাওয়া

**“দুঃখে আমার চোখ ক্ষীণ হয়েছে। হে সদাপ্রভু, আমি প্রতিদিন তোমাকে ডাকি; তোমার প্রতি আমি আমার হাত উঠিয়েছি”** (গীত ৮৮:৯)।

গীত রচয়িতা বলছেন যে দুর্দশার কারণে তাঁর চোখ দুটি ক্ষীণ হয়ে গেছে। একজন ব্যক্তি খুব দুঃখিত হলে তিনি তাঁর দৃষ্টি শক্তিতে কিছু পরিবর্তন অনুভব করতে পারেন। দুঃখ একজন ব্যক্তিকে অজ্ঞান করে, চিন্তাশক্তি হ্রাস করে, নিদ্রাহীনতার কারণ হয়, স্মৃতিশক্তি কমে যায়, এবং একজন ব্যক্তি ভবিষ্যতের সমস্ত আশা হারিয়ে ফেলে। অন্যদের কাছ থেকে আমরা যে সাহায্য পাই তাও কমে যায়। এর থেকে বেরিয়ে আসার জন্য আমরা কী করতে পারি? নিরুৎসাহকে স্থান না দিয়ে আমরা দুটি বিষয় করতে পারি?

১। আমরা প্রার্থনায় আমাদের প্রকৃত অবস্থানের কথা ঈশ্বরকে বলতে পারি। **“আমি তোমাকে আমার পরিকল্পনা বলেছি আর তুমি আমাকে উত্তর দিয়েছ; তোমার নির্দেশাবলি আমাকে শিক্ষা দাও”** (গীত ১১৯:২৬)। ঈশ্বরের সঙ্গে সময় অতিবাহিত করা এবং তাঁর সঙ্গে কথা বলা বড় বড় বিজয়গুলি আনে। কিন্তু আজকের দিনগুলিতে লোকেরা তাদের নিজেদের বিষয়গুলিতে অধিক সময় ব্যয় করে, তারা জাগতিক লাভের বিষয়গুলিকে অধিক প্রাধান্য দেয়, তারা প্রার্থনায় ঈশ্বরের সঙ্গে কথা না বলে আমোদপ্রমোদ এবং টিভির অনুষ্ঠানগুলি দেখে সময় অতিবাহিত করে।

আজকালকার খ্রীষ্টিয় দূরদর্শনের প্রচারকগণ অনেক আত্মিক খ্রীষ্টানদের অলস এবং নিশ্চল খ্রীষ্টানে পরিবর্তিত করেছেন। তারা অসংখ্য প্রার্থনাশীল খ্রীষ্টানদের প্রার্থনাহীন করে দিয়েছেন, অনেক বাইবেল পাঠকারী খ্রীষ্টানরা এখন বাইবেল পাঠ করতে চান না। এটি একটি প্রথাগত অভ্যাসে পরিণত হয়েছে। আপনি অল্প কিছু সময় খ্রীষ্টিয় অনুষ্ঠান দেখতে পারেন, এরপর আপনি টিভি বন্ধ করে প্রার্থনা, বাইবেল পাঠ এবং ধ্যান করতে পারেন। তাহলে আপনি বিজয় সম্পর্কে নিশ্চিত হতে পারেন। আপনি যদি সকাল ৫টা থেকে টিভির সমস্ত অনুষ্ঠানগুলি দেখতে থাকেন তাহলে আপনি নিশ্চিতভাবে ব্যর্থ হবেন। এই সমস্ত অনুষ্ঠানগুলির অনৈতিক মতবাদগুলি এবং তথ্যগুলির কারণে অনেক নির্দোষ ব্যক্তিরা প্রতারিত হচ্ছেন এবং বিভ্রান্তির ঘূর্ণাবর্তের মধ্যে বিপথে চালিত হচ্ছেন। ভুল পরিত্রাণের প্রত্যেক প্রচারকেরা তাদের নিজেদের স্বার্থসিদ্ধির জন্য পরিত্রাণের মানসিকতার পরিবর্তে এই প্রচেষ্টা চালিয়ে যায়। এই বিষয়টিই সমকালীন বিপর্যয়ের একটি সুস্পষ্ট প্রমাণ। আশা করি আপনি আপনার জীবিকাকে উদ্ধার করার জন্য আপনার বিশ্বাসকে সামনে রাখবেন।

২। আপনি অবশ্যই ঈশ্বরের সামনে আপনার হস্ত প্রসারিত করবেন! এর অর্থ হচ্ছে আপনার মনোযোগ এবং আস্থা কেবল ঈশ্বরের উপর থাকবে। আপনার

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন / আবাসিক কলেজ
চীপক এবং সন্তোষপুরম
মাধ্যম: তামিল / মাধ্যম: হিন্দী
ECHO OF HIS CALL 1969-2019 (ECHO GROUP)
Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969
Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
৫৩ বছর যাবৎ আন্তর্জাতিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত
ঈশ্‌তত্ত্বে সার্টিফিকেট : এক বছর
ঈশ্‌তত্ত্বে ডিপ্লোমা : দুই বছর
শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জুন থেকে ১৮ই জুলাই, ২০২২)



**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**জুন ১৯ :** আমাদের প্রভু আমাদের সহযোগী সম্পাদক ব্রাদার এম.পলরাজকে এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করছেন।

**দিন ২০:** আগের মাসগুলিতে আমাদের পরিচর্যা সংক্রান্ত ভ্রমণগুলিকে আশীর্ব্বাদ করার জন্য আমরা প্রভুর প্রশংসা করি।

**দিন ২১:** আমাদের সমর্থকদের তাদের সমস্ত প্রার্থনা এবং আর্থিক সাহায্যের জন্য আসুন আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২২:** গত মাসে ঈশ্বর আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** সমস্ত কার্যকলাপগুলিকে আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৩:** উত্তর ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচারসহ প্রবেশ করতে সাহায্য করার জন্য আসুন আমরা ঈশ্বরের প্রশংসা করি।

**দিন ২৪:** আমাদের **হিন্দি ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের অনলাইন** ক্লাসগুলিকে ঈশ্বর আশীর্ব্বাদ করেছিলেন।

**দিন ২৫:** ঈশ্বর আমাদের প্রধান এবং শাখা মণ্ডলীগুলিকে নতুন বিশ্বাসীদের দ্বারা আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২৬:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** আমরা আমাদের মিশনক্ষেত্রগুলি থেকে ভালো রিপোর্ট পেয়েছি।

**দিন ২৮:** আমাদের সংস্থা পরিচালনার ক্ষেত্রে আমাদের সমস্ত প্রচেষ্টাগুলি ফলপ্রসূ হওয়ার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৯:** আমাদের রবিবাসরীয় উপাসনাসভাগুলির এবং অন্যান্য আরাধনা সভাগুলিকে আশীর্ব্বাদ করার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৩০:** প্রভু আমাদের প্রধান মণ্ডলীর মহিলা সমিতির সভাগুলিকে আশীর্ব্বাদ করেছেন।

**জুলাই ০১:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গীকারবদ্ধতাকে আশীর্ব্বাদ করার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলীতে আমাদের পুরুষদের সভাগুলিকে ঈশ্বর আশীর্ব্বাদ করেছেন।

**দিন ০৩:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ০৪:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক ব্রাদার মানুয়েল পলরাজের সম্পূর্ণ আরোগ্যের জন্য অবিরত প্রার্থনা করুন।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৫:** প্রার্থনা করুন ঈশ্বর যেন আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা কাজে আরও অধিক সমর্পিত কর্মীদের আনেন।

**দিন ৬:** প্রার্থনা করুন ঈশ্বর যেন আমাদের সমন্বয়সাধনকারীদের এবং পালকদের নতুন শক্তিতে উজ্জীবিত করেন।

**দিন ৭:** পৃথিবীর সমস্ত আত্মিক নেতাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** পৃথিবীর সমস্ত দেশের লোকদের উপর তাঁর আশীর্ব্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ৯:** আমাদের বরিষ্ঠ পালক যেহেতু তাঁর আত্মজীবনী লিখছেন সেহেতু ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন তাঁর উপর তাঁর মহৎ সম্মতি দেন এবং তাঁকে এই কাজে বিশেষভাবে পরিচালিত করেন।

**দিন ১০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করুন।

**দিন ১১:** প্রার্থনা করুন ঈশ্বর যেন তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য এ মাসের যাবতীয় খরচ জুগিয়ে দেন।

**দিন ১২:** আমাদের মিশনক্ষেত্রের কর্মীদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সমস্ত সভাগুলির জন্য এবং সংস্থাগত সমস্ত কার্যকলাপগুলির উপর ঈশ্বরের দয়াপূর্ণ সম্মতির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৪:** আমাদের পরিচর্যাগুলির আর্থিক প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** পৃথিবীর সমস্ত দেশগুলি থেকে করোনা ভাইরাস সমূলে উচ্ছিন্ন করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৬:** মহিলা এবং শিশুদের উপর হিংস্রতা উচ্ছিন্ন করার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** ঈশ্বর আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভারাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে অবিরত সুরক্ষিত করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

চিন্তাভাবনা এবং কাজ যেন ঈশ্বরকে সন্তুষ্ট করে। আপনি যদি অন্যদের কষ্ট দেন এবং প্রতারিত করেন তাহলে আপনি যত দীর্ঘসময় প্রার্থনা করুন অথবা যত দীর্ঘ দিন উপবাস করুন না কেন তা কোনও কাজে দেবে না। যে ঈশ্বরের কথা শোনে না তার প্রার্থনা ঘৃণার যোগ্য। **"যে ব্যবস্থা শ্রবণ হইতে আপন কর্ণ ফিরাইয়া লয়, তাহার প্রার্থনা ঘৃণাস্পদ"** (হিতোপদেশ ২৮:৯)। **"দুষ্টদের বলিদান সদাপ্রভুর ঘৃণাস্পদ; কিন্তু সরলদের প্রার্থনা তাঁহার সন্তোষজনক। দুষ্টদের পথ সদাপ্রভুর ঘৃণাস্পদ; কিন্তু তিনি ধার্ম্মিকতার অনুগামীকে ভালবাসেন"** (হিতোপদেশ ১৫:৮-৯)।

আজ আপনার মনোযোগ কোথায়? কার কাছ থেকে আপনি সাহায্য প্রত্যাশা করেন? আপনি কোন্ পথের অন্বেষণ করেন?

## ৩। ভগ্ন আত্মা

**"আনন্দিত মন মুখকে প্রফুল্ল করে, কিন্তু মনের ব্যাথায় আত্মা ভগ্ন হয়"** (হিতোপদেশ ১৫:১৩)। **"সানন্দ হৃদয় স্বাস্থ্যজনক; কিন্তু ভগ্ন আত্মা অস্থি সুস্থ করে"** (হিতোপদেশ ১৫:২২)।

লোহা, পিতল অথবা অ্যালুমিনিয়ামের মতো যে কোনও ধাতু ভগ্ন হলে একসঙ্গে সাঁটানো যায়। কিন্তু আমাদের হৃদয়ের মধ্যে লুকানো আত্মা ভগ্ন হলে কোনও বিশেষজ্ঞ চিকিৎসক অথবা মনস্তত্ববিদ তা মেরামত করতে পারে না। এই পৃথিবীতে আমরা যে সমস্ত ব্যর্থতাগুলির সম্মুখীন হই, অর্থনৈতিক বিভ্রান্তি, অসুস্থতা এবং পারিবারিক সমস্যাগুলি আমাদের আত্মা ভগ্ন হওয়ার কারণ। এই ব্যর্থতাকে জয় করার কেবল একটি মাত্র পথ আছে এবং সেটি হচ্ছে প্রভুর কাছে ফিরে আসা। **"আমি আনন্দিত হইলাম, যখন লোকে আমাকে বলিল, চল, আমরা সদাপ্রভুর গৃহে যাই"** (গীত ১২২:১)।

যারা প্রকৃতরূপে প্রভুর প্রশংসা করে এবং আরাধনা করে তাদের সঙ্গে একসঙ্গে চলার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। আপনাকে পবিত্র আত্মায় পূর্ণ হতে হবে, এবং করতালি দিয়ে, মাথার উপর হাত তুলে, জানুপাত করে প্রভুর আরাধনা করতে হবে এবং আনন্দপূর্ণভাবে মণ্ডলীতে আসতে হবে যেখানে আত্মায় এবং সত্যে প্রভুর আরাধনা করা হয়। তখনই আপনি আনন্দে এবং সুখে পরিপূর্ণ হবেন। আপনার অসুস্থতা দূর হয়ে যাবে, আপনার বিরুদ্ধে যদি কেউ তুকতুক করে থাকে তা শক্তিহীন হয়ে যাবে এবং আপনি স্থায়ীভাবে সমস্ত বন্ধন থেকে মুক্ত হয়ে যাবেন।

আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি বহুভাষী মণ্ডলীতে এই ধরণের আরাধনার অভিজ্ঞতা লাভ করেছি। কি মহা আনন্দ! কত সুখী আমরা! কি অপূর্ব শান্তি আমরা উপভোগ করি! প্রিয় পালকগণ, এই ধরণের আরাধনায় আপনাদের মণ্ডলীর সদস্যদের পরিচালিত করুন এবং তাদেরকে তাদের বন্ধনগুলি থেকে মুক্ত হতে সাহায্য করুন। প্রিয় পাঠকগণ, আপনাদের মণ্ডলীকে গুরুত্ব দিন। তাহলেই আপনি আপনার মণ্ডলীর পূর্ণতা দ্বারা আশীর্বাদ যুক্ত হতে পারেন। **"তোমরা প্রভুতে সর্বদা আনন্দ কর; পুনরায় বলিব, আনন্দ কর"** (ফিলিপীয় ৪:৪)। একমাত্র মণ্ডলীতে, কেবল মণ্ডলীতে! মণ্ডলী হচ্ছে এমন একটা জায়গা যেখানে প্রভু আশাহীনদের আশা দান করেন, এবং অসুখী লোকদের সুখী করেন। আপনার মণ্ডলীতে প্রতি রবিবার এবং অন্যান্য উপাসনা সভাগুলিতে প্রভুর আরাধনা করুন। **"যাহারা সদাপ্রভুর বাটীতে রোপিত, তাহারা আমাদের ঈশ্বরের প্রাঙ্গণে উৎফুল্ল হইবে"** (গীত ৯২:১৩)।

## ৪। এটি হতাশার কারণ

**"মানুষের মনোব্যথা মনকে নত করে; কিন্তু উত্তম বাক্য তাহা হর্ষযুক্ত করে"** (হিতোপদেশ ১২:২৫)।

হতাশা প্রকৃতপক্ষে মনকে সঙ্কুচিত করে; এটি হৃদপিণ্ডকে স্বাভাবিকভাবে কাজ করতে দেয় না। লোকেরা যখন হতাশাগ্রস্ত হয় তখন তারা স্বাধীনভাবে চিন্তা করতে পারে না। কোনও সমস্যার কারণে আমাদের মনে যখন পরিবর্তন ঘটে, তখন তা আমাদের চরম কোনও সিদ্ধান্ত গ্রহণের পথে চালিত করে। কেউ তার ঘর থেকে বের হয়ে হাঁটতে থাকে এবং একটা জায়গার অন্বেষণ করে যেখানে সে কিছুটা শান্তি পেতে পারে। অনেকে বিভিন্ন ভাবে তাদের সমস্যার সমাধান করার চেষ্টা করে, যখন তারা ব্যর্থ হয়, তখন তারা চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করার পথে চালিত হয়। যখন একজন ব্যক্তি যীশু খ্রীষ্টের পথে জীবন যাপন করে তখন সে আত্মহত্যা করার কথা চিন্তা করে না। এটাই বাস্তব! এটাই আশ্চর্যজনক বিষয়!! এটাই অন্যান্য সমস্ত ধর্মীয় ধারণাগুলির উর্দ্ধে খ্রীষ্টধর্মের একটি সুদৃঢ় পথ!

দাউদ অসংখ্য সমস্যার সম্মুখীন হলেও, সদাপ্রভুতে তাঁর দৃঢ় বিশ্বাস ছিল। **"তখন দাউদ অতিশয় ব্যাকুল হইলেন... দাউদ আপন ঈশ্বর সদাপ্রভুতে আপনাকে সবল করিলেন"** (১ শমূয়েল ৩০:৬)।

## ৫। দাউদের দৈনিক অভিজ্ঞতাগুলি

**" হে ঈশ্বর, আমার প্রতি কৃপা কর, কেননা মর্ত্ত্য আমাকে গ্রাস করিতে চাহিতেছে; সে সমস্ত দিন যুদ্ধ করিয়া আমার প্রতি উপদ্রব করে"**(গীত ৫৬:১)।

**তিনটি ভিন্ন প্রকারে দুর্দশা এবং ক্লেশ আসে:**

১। আমাদের চিন্তাভাবনার কারণে
২। আমাদের জীবনে ভুল সিদ্ধান্তগুলি গ্রহণ করার কারণে।
৩। মন্দ আত্মার প্রভাবের কারণে। লোকদের ঈর্ষা এবং বিরক্তি সক্রিয় হয়।

### লোকদের ভয়:

কয়েক সময় আমরা নিজেদের উপর থেকে আস্থা হারিয়ে ফেলি এবং মনের এই অবস্থার কারণে আমাদের মেজাজ বিপজ্জনক হয়ে যায়। এই ধরণের পরিস্থিতিতে দাউদ বলেছিলেন, "মর্ত্ত আমাকে গ্রাস করতে চাইছে।" ভয় এবং সন্দেহ যে কোনও ক্ষমতাবান লোককে অকেজো করে দেয়। এর উপর মন্তব্যের কোনও পরিবর্তন নেই।

দাউদ যেহেতু শত্রুদের দ্বারা পরিবেষ্টিত ছিলেন, সেহেতু তাঁর অন্যদের দ্বারা আক্রান্ত হওয়ার এবং সর্বদা আসন্ন যুদ্ধের আতঙ্ক ছিল। এছাড়াও তিনি আত্মীয়স্বজনদের দ্বারা বিপন্ন হওয়ার ভয়ে সর্বদা আতঙ্কিত হয়ে থাকতেন।

**"আমার ত্রাস ও কম্প হইল, তাহা আমার অস্থি সকল বিকম্পিত করিল। পরে আমার সম্মুখ দিয়া একটা বাতাস চলিয়া গেল, আমার শরীর রোমাঞ্চিত হইল"** (ইয়োব ৪:১৪-১৫)।

এমন ভয় আছে যা শাস্ত্রে তীব্রভাবে নিষিদ্ধ করা হয়েছে। এই বিষয়ে আমরা যেন অবাক না হই যে এটা এতো গুরুতর যে বাইবেলে এদেরকে তালিকার প্রথমে রাখা হয়েছে যারা অগ্নিহ্রদে তাদের অংশ পাবে। **"কিন্তু যাহারা ভীরু, বা অবিশ্বাসী, বা ঘৃণার্হ, বা নরঘাতক, বা বেশ্যাগামী, বা মায়াবী বা প্রতিমাপূজক, তাহাদের এবং সমস্ত মিথ্যাবাদীর অংশ অগ্নি ও গন্ধকে প্রজ্বলিত হ্রদে হইবে; ইহাই দ্বিতীয় মৃত্যু"** (প্রকাশিত বাক্য ২১:৮)।

যদি এই বিষয়ে আমরা মনোযোগ না দিই তাহলে এটি আমাদের অনন্তকালকে লুণ্ঠিত করতে পারে। কেবল ঈশ্বরের বাক্যের দ্বিধার তরবারি আমাদের ভয়কে প্রকাশ

করতে এবং আমাদের জীবন থেকে তা সমূলে উৎপাটিত করতে সাহায্য করতে পারে।

সর্বপ্রথম, আমাদের ভয়কে সঠিকভাবে চিহ্নিত করা প্রয়োজন। এটি অন্ধকারের আত্মা: **"কেননা ঈশ্বর আমাদিগকে ভীরুতার আত্মা দেন নাই, কিন্তু শক্তির, প্রেমের ও সুবুদ্ধির আত্মা দিয়াছেন"** (২ তীমথিয় ১:৭)। এর উৎস হচ্ছে নরক এবং ঈশ্বরের সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। বাস্তবিক, এর উপস্থিতি একজন মানুষকে ঈশ্বরের থেকে দূরে সরিয়ে রাখে। কয়েক জন লোক ভয়কে একটি মনোভাব বলে বিবেচনা করে। একটি উত্তরাধিকার সূত্রে লব্ধ স্বভাব অথবা একটি সাধারণ স্থানগত অভ্যাস বলে বিবেচনা করে। ভয়কে হালকা ভাবে নেওয়ার বিষয়টি আধ্যাত্মিকভাবে মারাত্মক মূর্খতা হতে পারে না। প্রকৃতপক্ষে এটি পারমানবিক বোমার মধ্যস্থ একটি স্ফীতি হতে পারে এবং এটি আপনার জীবনে আকস্মিক বিপর্যয় আনতে পারে। এটি দিয়াবলের কাছ থেকে আসে। সেই কারণে এটিকে প্রতিরোধ করুন। আজ একটি ভয়কে প্রশ্রয় দেওয়ার অর্থ হচ্ছে একটি সিংহের বাচ্চাকে বড় হতে দেওয়া। এটি আপনাকে আহত করবে এবং কোনও একদিন আপনার জীবনকে বিপন্ন করবে। আপনার জীবন থেকে আজই এই মন্দ শক্তিকে বিলুপ্ত করার জন্য প্রস্তুত হন!

ভয়ের আত্মা সম্পর্কে ঈশ্বরের বাক্যে কী বলা হয়েছে তা জানুন, এখনই এর বিরুদ্ধে একটি আগ্রাসী ভূমিকা গ্রহণ করুন এবং এটিকে বিতাড়িত করুন। বিশ্বাসীদের হাতে শত্রুদের বিরুদ্ধে সব থেকে মারাত্মক অস্ত্র হচ্ছে যীশুর রক্ত। যতবার আপনি এটি ব্যবহার করবেন ততবার শত্রু তার ট্রাকে বরফের মতো স্থবির হয়ে যাবে। শত্রুকে কম্পিত হতে দিন। এমনকি আমাদের জীবনের একটি সহজ সরল দিককেও যীশুর রক্তের দ্বারা অনাচ্ছাদিত থাকতে দেবেন না। কেবলমাত্র এইভাবেই মন্দ আত্মা বাতিল হতে পারে।

**"আমি যাহা ভয় করি, তাহাই আমার ঘটে, যাহার আশঙ্কা করি, তাহাই উপস্থিত হয়"** (ইয়োব ৩:২৫)।

যে সময় দিয়াবল সব থেকে অধিক দুর্বলতা অনুভব করে সেটি হচ্ছে যখন সে প্রকাশিত হয়ে যায়। কারণ সে আর কখনও তার প্রকৃত ছবি দেখাতে পারে না যতক্ষণ না সে নরকে যায়। আমাদের জীবন থেকে মন্দ আত্মাকে ছুড়ে ফেলে দিতে হলে, আমাদের একমাত্র উদ্ধারকর্তা যীশু খ্রীষ্টের রক্ত ধরে থাকতে হবে এবং বিশ্বাসে অবিচল থাকতে হবে। সে হচ্ছে প্রধান প্রতারক যে মুখোশ পড়ে আমাদের চারিদিকে ঘুরে বেড়াচ্ছে। ২ করিন্থীয় ২:১১ পদে যা বলা হয়েছে তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন, **"যেন আমরা শয়তান কর্তৃক প্রতারিত না হই; কেননা তার কল্পনা সকল আমরা অজ্ঞাত নই।"** দিয়াবলের সঙ্গে মোকাবিলা করার সময় আমরা যখন দিয়াবলের সম্মুখীন হবো, তখন আমাদের অবশ্যই তার চাতুরীগুলোর বিষয় সচেতন থাকতে হবে, যা খুবই সুস্পষ্ট হয়।

## দ্বার রক্ষক

দ্বার রক্ষকের কাজ হচ্ছে তার মালিকের আগে গিয়ে মালিকের জন্য দরজা খুলে দেওয়া যাতে তিনি ঘরের ভেতরে প্রবেশ করতে পারেন। ভয় হচ্ছে শয়তানের দ্বার রক্ষক। দিয়াবলকে বড় কোনও কাজ সম্পাদন করতে হলে ভয়ের প্রয়োজন অপরিহার্য। শয়তানের যত মিত্রবাহিনী আছে তার মধ্যে ভয় সব থেকে বেশী ঘনিষ্ঠ। দিয়াবল তার বাহিনীর সঙ্গে কাজ করার আগে ভয়ের আত্মার প্রতি পরামর্শ দানের উদ্দেশে তার সমস্ত পরিকল্পনাগুলি প্রদান করে। ভয় একটি মন্দ আত্মা, যা ঈশ্বরের প্রধান শত্রুর আগে গিয়ে দিয়াবলের বীজ রোপণ করার জন্য লাঙ্গল দিয়ে মাটি তৈরী করে। শয়তানের কার্যকলাপের জন্য ভয় আবহাওয়া, উপস্থিতি, মাধ্যম, এবং পরিবেশ সৃষ্টি করে। ইয়োবের চিত্রে আমরা এর সত্য দেখেছি: "আমি যাহা ভয় করি, তাহাই আমার ঘটে, যাহার আশঙ্কা করি, তাহাই উপস্থিত হয়"। ঠিক যেভাবে বিশ্বাস এই প্রাকৃতিক জগতে ঈশ্বরের অদৃশ্য আশিবর্বাদগুলি আনে, সেই ভাবে ভয় এই দৃশ্যমান পৃথিবীতে শয়তানের অদৃশ্য বিষয়গুলি আনে। দিয়াবল একজন ব্যক্তির জীবনে মন্দ এবং বিনাশের সমস্ত বিষয়গুলি আনার যানবাহন হিসাবে ভয়কে একটি 'সেতু' হিসাবে ব্যবহার করে।

বিভিন্ন রকমের চিন্তাগুলি বপন করার দ্বারা দিয়াবলের পথ করে নেওয়ার একটি উপায়। ভয়ঙ্কর চিন্তাগুলিকে প্রতিরোধ করুন, প্রত্যাখ্যান করুন, বিতাড়িত করুন। কখনও তাদের গ্রহণ করবেন না। যীশুর নামে আপনার পবিত্র আত্মায়পূর্ণ জীবনের পরিকাঠামোর মাধ্যমে ভয়ের এই আত্মাকে দূরে সরিয়ে দিন। কখনও ভয়ের কথা না বলার বিষয় নিশ্চিত হন। ভয়ের কথা বলার অর্থ ভয়ের বিষয় প্রচার করা।

## ভাঁজ দেওয়া বাক্যগুলি

**"তাহারা সমস্ত দিন আমার বাক্য মোচড়ায়; তাহাদের সমস্ত সঙ্কল্প অনিষ্টের জন্য আমার বিরুদ্ধে"** (গীত ৫৬:৫)। আমাদের অনেকের কাছে বিভিন্নভাবে সমস্যা তৈরী হয়। আমাদের কর্মক্ষেত্রে অনেক সময় কোন কিছু বলার বিষয় আমাদের উপর দোষারোপ করা হয় যে কথা আদৌ আমরা বলিনি। দাউদেরও এই অভিজ্ঞতা হয়েছিল যখন তাঁর কথা মোচড়ানো হয়েছিল এবং তাঁকে দোষী সাব্যস্ত করা হয়েছিল। এটি কেবল একদিনের জন্য ঘটেনি, কিন্তু এটি ছিল প্রাত্যহিক ঘটনা।

আমাদের প্রাত্যহিক জীবনে এই ধরণের অপ্রত্যাশিত বিষয়গুলির উদ্ভব হলেও, আমাদের ভুলে গেলে চলবে না যে আমাদের ঈশ্বর যিনি সমস্ত মন্দ বিষয়গুলিকে উত্তম বিষয়ে পরিবর্তিত করতে পারেন তিনি সর্বদা আমাদের সহবর্তী আছেন। আমরা ৩৪:১৯ গীতটি পাঠ করি, **"ধার্ম্মিকের বিপদ অনেক, কিন্তু সেই সকল হইতে সদাপ্রভু তাহাকে উদ্ধার করেন।"** আমরা যখন সঙ্কটের সময়ের মধ্যে দিয়ে যাই, তখন আমাদের এটা চিন্তা করা উচিৎ নয় যে এখানেই আমাদের জীবন শেষ হয়ে যাবে। আমাদের অবশ্যই বুঝতে হবে যে একজন সরল লোককে অনেক মন্দ বিষয়ের সম্মুখীন হতে হয় কিন্তু ঈশ্বর তাকে সমস্ত মন্দ বিষয়গুলি থেকে উদ্ধার করবেন এবং তাকে আনন্দে জীবন যাপন করতে সাহায্য করবেন। কিন্তু আপনি কি ধার্ম্মিক ব্যক্তি? আপনার সমস্ত পাপ কি প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ক্ষমা লাভ করেছে? আপনি কি সম্পূর্ণ সততার সঙ্গে নিষ্পাপ জীবনযাপন করছেন? এই সমস্ত বিষয়গুলি খুবই গুরুত্বপূর্ণ।

নিম্নলিখিত প্রার্থনাটি অনুসারে, **"যতদিন তুমি আমাদিগকে দুঃখ দিয়াছ, যত বৎসর আমরা বিপদ দেখিয়াছি, তদনুসারে আমাদিগকে আনন্দিত কর"** (গীত ৯০:১৫), আমরা যা কিছু হারিয়েছি তার ক্ষতিপূরণ দেবার পক্ষে এবং আমাদের দীর্ঘায়ু এবং সুখী জীবন সহ আশির্বাদ করার পক্ষে ঈশ্বর যথেষ্ট শক্তিশালী। আপনি যখন ধার্মিক জীবনযাপন করার জন্য কষ্ট ভোগ করেন তখন আপনার আয়ু আরও দীর্ঘায়িত হয়। ভয় করবেন না।

আমার দুর্দশার দিনগুলিতে,আমার দুর্দশার দিনগুলিতে,

নিশ্চয় আমি যীশু খ্রীষ্টে আমার বিশ্বাস ধরে রাখবো, নিশ্চিতভাবে আমি যীশু খ্রীষ্টের প্রতি স্নেহশীল হবো।

তোমার মুখ থেকে নির্গত বিশ্বাসের এবং আশাপূর্ণ বাক্যগুলি নিশ্চয় তোমার অন্তর আনন্দ এবং আস্থায় পূর্ণ করবে।

সাধারণত আমরা যখন মহাক্লেশে ভারাক্রান্ত হই, আমরা যে সমস্ত কথাগুলি বলি তা ভালো কথা হয় না। আমরা অভিজ্ঞ খ্রীষ্ট বিশ্বাসী হলেও, আমরা কয়েক সময় নিম্নলিখিত কথাগুলি বলে থাকি:

১। ঈশ্বর আমার প্রার্থনা শুনছেন না (ইয়োব ৩০:২০)।

২। প্রভু আমার প্রার্থনা গ্রাহ্য করছেন না (ইয়োব ৩০:২০)

৩। প্রভু আমার প্রতি নিষ্ঠুর (ইয়োব ৩০:২১)।

৪। প্রভু আমার সঙ্গে শত্রুর মতো আচরণ করছেন (ইয়োব ৩০:২১)।

৫। প্রভু আমাকে উচ্চে স্থাপন করেছিলেন কিন্তু এখন তিনি আমাকে নিম্নে পতিত হতে দিচ্ছেন (ইয়োব ৩০:২২)।

৬। মঙ্গলের পরিবর্তে আমি অমঙ্গল লাভ করেছি (ইয়োব ৩০:২৬)।

*(ক্রমশঃ, ৯পাতায়)*



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

“... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## কেবল আমার সৃষ্টিকর্তা, আমার যীশুই ছিলেন আমার প্রাণবন্ত হৃদস্পন্দন এবং রক্তসঞ্চালন

১৯৬৭ সালে, শ্রদ্ধেয়া সুসমাচার প্রচারিকা মিশনারী এমিয়াম্মাল সন্ন্যাসিনী আম্মাল নেউরের মেমোরিয়াল হ'লে তিন দিনের জন্য একটি সুসমাচার সভার আয়োজন করেছিলেন। ঐ শহরে আমি আমার প্রথম জীবনের পড়াশোনা করেছিলাম। মাইকেল চেল্লাদুরাই, ব্রাদার জন উইক্লিফ, ব্রাদার যোশূয়া জ্ঞানদুরাই, ব্রাদার জন কোয়েলপিচাই প্রমুখ ঈশ্বরের দাসেরা **ন্যাজারেত প্রেয়ার ফেলোশিপের** পক্ষ থেকে এসেছিলেন, যীশু খ্রীষ্টের উপর তাঁরা প্রচার করেছিলেন এবং সাক্ষ্য দিয়েছিলেন। সিস্টার এমিয়াম্মাল সন্ন্যাসিনী তাঁকে সাহায্য করার জন্য এবং এই প্রচারকদের সেবা করার জন্য আমাকে ব্যবহার করেছিলেন। আমি তাদের জলের ব্যবস্থা করতাম, তাদের পোষাক পরিষ্কার করতাম, তাদের জুতো পরিষ্কার করতাম, তাদের জন্য খাবারের ব্যবস্থা করতাম, এবং তাদের যা কিছু প্রয়োজন সব করার জন্য তাদের সঙ্গে থাকতাম। তাঁরা **অ্যাংলো ইনডিজেনাস ক্লিনিকের** উপরতলায় থাকতেন। এর মালিক ছিলেন নেয়ুরের ডঃ ডি.আয়্যাদুরাই। ডঃ ডি.আয়্যাদুরাইয়ের পরিচর্যা কাজের প্রতি প্রবল আবেগ ছিল। তিনি আর্থিক অনুদান দিয়ে ঈশ্বরের দাসদের সাহায্য করতেন। তাঁর ভাই **ডঃ ডি.সাইমন শিশু বৈদ্য আশ্রমম** নামে শিশুদের একটি হাসপাতাল চালাতেন। তিনি আমাকে খুব ভালোবাসতেন এবং উৎসাহিত করতেন। একবার তিনি আমার দিকে তাকিয়েছিলেন এবং বলেছিলেন, “তোমার মধ্যে বিশেষ কিছু একটা আছে”। এইভাবে তিনি আমার তারিফ করতেন। সেই সময় আমার ১৮ বছর বয়েস ছিল।



এমিয়াম্মাল সন্ন্যাসিনী আম্মাল



ডঃ ডি.আয়াদুরাই।



ব্রাদার জন উইক্লিফ,



ডঃ ডি.সাইমন

এই সভাগুলিতে কীভাবে তারা পরিত্রাণ লাভ করেছিলেন এবং জাগতিক পাপগুলি থেকে উদ্ধার লাভ করেছিলেন সেই বিষয়ে ন্যাজারেত প্রেয়ার ফেলোশিপের যুবক প্রচারকগণ সহভাগিতা করেছিলেন। বিশেষ করে সিনেমা দেখার মন্দ প্রভাবগুলি থেকে তারা রক্ষা পেয়েছিলেন। তারা সাক্ষ্য দিয়েছিলেন কীভাবে তারা তরুণ বয়েসে জাগতিক আমোদ প্রমোদ থেকে রক্ষা পেয়েছিলেন যা তাদের জীবনে মন্দ প্রভাব ফেলেছিল। যীশু খ্রীষ্টে পবিত্র জীবন যাপন করার দ্বারা একজন ব্যক্তি কীভাবে সুখ লাভ করতে পারে তা তারা ব্যাখ্যা করেছিলেন।


ঐ সভাগুলির শেষদিন, আমি আমার পাপপূর্ণ জীবনের বিষয় উপলব্ধি করেছিলাম এবং প্রভু যীশু খ্রীষ্টকে আমার ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিলাম। আমি পবিত্র জীবন যাপন করার বিষয়টিকে ভালোবাসতে শুরু করেছিলাম। আমি একটি উপকারী জীবন যাপন করার এবং ঈশ্বরের জন্য কিছু করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম। এই অনুভূতি আমাকে ঈশ্বর যীশু খ্রীষ্টের সেবা করার দিকে ঠেলে দিয়েছিল। ঐদিন, আমি আমার সমস্ত পাপের জন্য অনুতাপ করেছিলাম এবং ঈশ্বরের কাছে আমার পাপ স্বীকার করেছিলাম এবং প্রভু ও ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের কাছে আমার জীবন সম্পূর্ণরূপে উৎসর্গ করেছিলাম। জীবন্ত ঈশ্বর যীশু খ্রীষ্টের মাধ্যমে আমি পরিত্রাণের আশীর্বাদ লাভ করেছিলাম। **“... কিন্তু তোমাদের মনের নবীকরণ দ্বারা স্বরূপান্তরিত হও...”** (রোমীয় ১২:২)।

এইসভার শেষে ন্যাজারেত প্রেয়ার ফেলোশিপের ঈশ্বরের দাসদের অন্তরে আমার প্রতি গভীর ভালোবাসা এবং চিন্তা তৈরী হয়েছিল এবং তারা আমাকে তাদের সঙ্গে তাদের জায়গায় যাওয়ার আমন্ত্রণ জানিয়েছিলেন। সুতরাং আমি আমার বাবা মায়ের কাছ থেকে তাদের সঙ্গে যাওয়ার অনুমতি নিয়েছিলাম। তারা আমাকে তিরুনেলভেলি জেলার ন্যাজারেত শহরে নিয়ে এসেছিলেন। আমাদের সঙ্গে সুসমাচার প্রচারিকা মিশনারী এমিয়াম্মাল সন্ন্যাসিনী আম্মালও ছিলেন।

### পরম শ্রেষ্ঠ অভিজ্ঞতা! ন্যাজারেত প্রেয়ার ফেলোশিপ

এটি ছিল একটি খড়ের ছাউনী। এখানে প্রত্যেক দিন সান্ধ্য প্রার্থনা সভায় উচ্চশিক্ষিত মারগোনচিস্ স্কুল এবং কলেজের শিক্ষার্থীরা, শিক্ষকরা, লেকচারারগণ,এবং আরও অসংখ্য গভীর আবেগ সম্পন্ন লোকেরা যোগদান করতো। নামমাত্র প্রাতরাশ পরিবেশন করা হতো!!! মধ্যাহ্নভোজে ভাত, সাম্বার (ভাপে

সিদ্ধ সবজি), এবং সুস্বাদু রশম (সবজির ঝোল) পরিবেশন করা হতো। আমার জন্য এটি ছিল একটি অপূর্ব অভিজ্ঞতা। আমি দিন রাত এই খড়ের চালের ছাউনীর নীচে ঈশ্বরের উপস্থিতি অনুভব করতে পেরেছিলাম। ঐ স্থানের ঈশ্বরের দাসদের অভ্যাস এবং কার্যকলাপগুলির দ্বারা আমি আকর্ষিত হয়েছিলাম। আমি শুনেছিলাম এখান থেকে অনেক মহান আত্মিক প্রতিভা এবং মহান নেতারা উদ্ভুত হয়েছিলেন। দিনের পর দিন তাদের মতো একজন হয়ে ওঠার বাসনা আমার মনের মধ্যে গড়ে উঠেছিল।



**Bro. John Koilpitchai**



**Bro. R. Stanley (Blessing Youth Mission)**

## "থেরিতে!" অভিজ্ঞতা, একটি নির্জন স্থান!!

প্রতিদিন বিকাল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত, সমস্ত সদস্যরা 'থেরি' নামক একটি জায়গায় উপস্থিত হতো। এটি ছিল লাল মাটির একটি পরিত্যক্ত জায়গা। তারা ব্যক্তিগত প্রার্থনা, বাইবেল পাঠ, দলগত প্রার্থনা, এবং সাক্ষ্যদানের জন্য এই জায়গাটি ব্যবহার করতেন। তারা আমাকেও এই সমস্ত প্রার্থনাগুলিতে যোগাদান করতে দিয়েছিলেন এবং প্রার্থনাশীল জীবনের এবং পবিত্র আত্মা দ্বারা চালিত জীবনধারার গোপন রহস্য আমাকে শিখিয়েছিলেন।

তাদের কয়েক জনকে আমার এখনও মনে আছে:ব্রাদার শান্ত কুমার, ব্রাদার জ্যাকব সেলভারাজ, ব্রাদার জন আরপুথারাজ, ব্রাদার প্যাকিয়ারাজ, ব্রাদার ফিলিপ জেয়া জেয়াসিং, ব্রাদার গুনা শেখর, ব্রাদার কুমারাদাস (থেনকাসি), ব্রাদার কুমারাদাস (ব্যাঙ্গালোর), ব্রাদার ইম্মানুয়েল, ব্রাদার কুমার, ব্রাদার স্ট্যানলী, ব্রাদার ড্যানিয়েল, ব্রাদার গিদিয়োন, ব্রাদার স্যামুয়েল, ব্রাদার তিমথি, ব্রাদার মানিক্কম, ব্রাদার কালেব পল পাণ্ডিয়ান, ব্রাদার যোযেফ গুনাসিং, ব্রাদার টিটাস, মারিয়া সুন্দরম, ব্রাদার বেনি, ব্রাদার জ্যোতি পাণ্ডিয়ান, ইত্যাদি।

১৫ দিন পর, সিস্টার এমিয়াম্মাল সন্ন্যাসিনী আম্মাল আমাকে নিজের ঘরে ফিরিয়ে নিয়ে যাবার জন্য এসেছিলেন। ঈশ্বরের দাসেরা চোখের জলে আমার জন্য প্রার্থনা উৎসর্গ করেছিলেন।

সেই সময় ব্রাদার চেল্লাধুরাই, ব্রাদার জন উইক্লিফ, ব্রাদার যোশূয়া জ্ঞানদুরাই, ব্রাদার জন কোয়েল পিতচাই, এবং ঈশ্বরের অন্যান্য বরিষ্ঠ দাদারা আমার মস্তকে হস্তার্পণ করেছিলেন এবং আমার জন্য প্রার্থনা করেছিলেন। প্রার্থনা চলাকালীন একজন ভবিষ্যৎ বাণী করেছিলেন:

" হে বৎস, স্যাম সেলভারাজ,আমি তোমাকে আমরা জন্য মনোনীত করেছি।



ন্যাজারেত প্রেয়ার ফেলোশিপ - ১৯৬৭

আমি তোমার মাধ্যমে মহান মহান কার্যসাধন করবো। তোমার নাম অনুসারে, আমি তোমাকে একজন ভাববাদী রূপে এবং বাইবেলের শমূয়েলের মতো একজন শক্তিশালী ব্যক্তিরূপে তুলে ধরবো। আমি তোমাকে এমন একজন পিতায় পরিণত করবো যে অসংখ্য লোকের খাদ্য জোগাবে। তুমি লজ্জিত হবে না ঈশ্বরের দাস হতে এবং তুমি প্রভু যীশু খ্রীষ্টের জন্য একজন সাহসী নেতা হবে। আমি তোমার সহবর্তী হবো এবং আশীর্ব্বাদ করবো। তুমি যা কিছু চাইবে তা আমি তোমাকে দেব। আমি তোমাকে পৃথিবীর অনেক দেশে পাঠাবো এবং তোমার



মাধ্যমে আমি আমার রাজ্য বিস্তার করবো। আমি তোমাকে সুস্বাস্থ্য দেব এবং তোমার বছর সকল নিখুঁত করবো। **"তুমি যেহেতু আমার দৃষ্টিতে বহুমূল্য ও মর্যাদার পাত্র, আর আমি যেহেতু তোমাকে ভালোবাসি, আমি তোমার পরিবর্তে অপর মানুষজনকে দেব, তোমার জীবনের পরিবর্তে বিভিন্ন জাতিকে দেব"** (যিশাইয় ৪৩:৪)।

এর ঠিক পরেই, ঈশ্বর আমাকে ভারতের তখনকার অতি পরিচিত **'হেরাল্ড অফ হিজ্ কামিং'** নামক খ্রীষ্টিয় পত্রিকার প্রধান সম্পাদক ঈশ্বরের মহান ব্যক্তি **আচার্য এস. দেবাদাসনের** কাছে ঈশ্বরের একজন নতনম্র দাস হওয়ার জন্য পাঠিয়ে ছিলেন। ঈশ্বর মঙ্গলময়। *(...to be continued in August 2022 issue)*

---

*(ক্রমশঃ, ৭ পাতার পর)*

৭। আলোর পরিবর্তে অন্ধকার এসেছিল (ইয়োব ৩০:২৬)

৮। আমি যে সমস্যাগুলির অভিজ্ঞতা লাভ করেছি তা আর কেউ করেনি।

৯। দুর্দশায় আমার জীবন শেষ হয়েছে। (গীত ৩১:১০)

১০। দারিদ্রের মধ্যে আমার জীবন শেষ হয়ে গেছে। (গীত ৩১:১০)

আপনিও কি এই ধরণের পরিস্থিতির মধ্যে আছেন? নিরুৎসাহিত হবেন না। আপনার জীবনেও প্রভু আশ্চর্য কাজ করবেন। কিন্তু আপনাকে কিছু করতে হবে:

১। অবিশ্বস্ততার কথা বলবেন না। কেবল বিশ্বস্ততা এবং আশাপূর্ণতার কথা বলুন।

২। আপনার বিশ্বাসের ব্যাপারে আপনাকে বিভ্রান্তকারী লোকদের এড়িয়ে চলুন। পরিবর্তে যারা আপনার বিশ্বাসকে আরও শক্তিশালী করে সেই সমস্ত লোকদের সঙ্গে দৃঢ় সহভাগিতা রাখুন। যীশু খ্রীষ্টে একটি সাক্ষ্যপূর্ণ জীবন যাপন করার জন্য আপ্রাণ লড়াই করুন।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

৩। ভালো কিছু ঘটার মতো অবস্থা না থাকলেও অলৌকিক কার্য সম্পাদন করার বিষয়ে প্রভুতে এবং তাঁর ক্ষমতার উপর বিশ্বাস করুন; আশাপূর্ণ প্রার্থনাসহ কেবল তাঁকেই ধরে থাকুন। নিশ্চিত অলৌকিক কার্য সম্পাদিত হবে।

**"তুমি আমার বিলাপ নৃত্যে পরিণত করেছ!"** (গীত ৩০:১১)।

************

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATION ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** JUNE, 2022
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**